

স্মারক নং - ০৫.৪১.৯৩০০০.০১৪.০২.০১৬.২২-১৪(ক)

তারিখ : ২৪ মাঘ ১৪২৯
০৭ ফেব্রুয়ারি ২০২৩


“গণবিজ্ঞপ্তি”

বিষয় : এল.এ কেস নং ০৮/২০২২-২৩ (ল্যাপ-০৮) এর আওতায় টাঙ্গাইল জেলার নাগরপুর উপজেলাধীন জকতলা, কোনড়া, ডাকাইতমারা, করটিয়া ও নাটাঙ্গ মৌজায় ১৩.৬৫৬০ একর (কম/বেশি) ভূমি অধিগ্রহণের লক্ষ্যে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুমদখল আইন, ২০১৭ বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশাবলীর ১২ ও ১৩ নং অনুচ্ছেদ মোতাবেক যৌথ তদন্তের তালিকার গণবিজ্ঞপ্তি প্রকাশ।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “টাঙ্গাইল সড়ক বিভাগাধীন টাঙ্গাইল-দেলদুয়ার-লাউহাটি-সাটুরিয়া-কাওয়ালীপাড়া-কালামপুর বাসস্ট্যান্ড সড়ক আঞ্চলিক মহাসড়কের যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ” শীর্ষক প্রকল্পে (টাঙ্গাইল অংশে) এল.এ কেস নং ০৮/২০২২-২৩ (ল্যাপ-০৮) এর আওতায় টাঙ্গাইল জেলার নাগরপুর উপজেলাধীন জকতলা, কোনড়া, ডাকাইতমারা, করটিয়া ও নাটাঙ্গ মৌজায় ১৩.৬৫৬০ একর (কম/বেশি) ভূমি অধিগ্রহণের জন্য নির্ধারণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুমদখল আইন, ২০১৭ এর ৪(৩)(খ) ধারা মোতাবেক প্রস্তাবিত জমি প্রত্যাশী সংস্থা এবং জেলা প্রশাসনের সমন্বয়ে যৌথ তদন্ত তালিকা সম্পন্ন করা হয়েছে।

এমতাবস্থায়, ভূমি মন্ত্রণালয়ের ১০-১২-২০১৭ খ্রি. তারিখের ৩১.০০.০০০.০৪২.০৪.০০১.১৪ (অংশ)-৪৫৪ নং স্মারক মূলে জারিকৃত স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুমদখল আইন, ২০১৭ এর বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশাবলীর ১২ ও ১৩ নং অনুচ্ছেদের নির্দেশ না মোতাবেক প্রস্তুতকৃত যৌথ তদন্ত তালিকায় বর্ণিত বিবরণীর বিরুদ্ধে কারো কোন আপত্তি থাকলে তা বিজ্ঞপ্তি প্রকাশের ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা এবং জেলা প্রশাসক, টাঙ্গাইল মহোদয় বরাবর আপত্তি দাখিল করা যাবে।

সংযুক্তি : পাতা।


(মোঃ আব্দুল করিম)
ভূমি অধিগ্রহণ অফিসার
জেলা প্রশাসক
টাঙ্গাইল এর পক্ষে
ফোন : ০২৯৯৭৭১৪৯১৭

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

- ০১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: বিভাগীয় কমিশনার মহোদয়ের একান্ত সচিব, ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০২। নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, টাঙ্গাইল।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, নাগরপুর, টাঙ্গাইল। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। সহকারী কমিশনার (ভূমি), নাগরপুর, টাঙ্গাইল। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। অফিস কপি।